যায়যায়দিন

তারিখ ... OCT 01 2006 ...
পৃষ্ঠা ৩ কলাম ৬....

প্রাইভেট ইউনিভার্সিটি নিয়ে আলোচনায় বিচারপতি লতিফুর রহমান

# উচ্চশিক্ষার চাহিদা মেটাতে পারছে না পাবলিক ইউনিভার্সিটিগুলো

যাযাদি রিপোর্ট

দেশের পাবলিক ইউনিভার্সিটিগুলো উচ্চশিক্ষার প্রয়োজনীয় চাহিদা মেটাতে পারছে না। তাই প্রাইভেট ইউনিভার্সিটির প্রয়োজন। এছাড়া প্রাইভেট ইউনিভার্সিটিতে রাজনৈতিক অস্থিরতাও নেই। গতকাল শনিবার সিরডাপ মিলনায়তনে 'বাংলাদেশের প্রাইভেট ইউনিভার্সিটির শিক্ষার মান নিশ্চিতকরণ' শীর্ষক এক গোলটেবিল বৈঠকে তত্ত্বাবধায়ক সরকারের সাবেক প্রধান উপদেষ্টা বিচারপতি লতিফুর রহমান এ কথা বলেন। বৈঠকটি আয়োজন করে অ্যাসোসিয়েশন অফ প্রাইভেট ইউনিভার্সিটিজ অফ বাংলাদেশ।

দেশের প্রাইভেট ইউনিভার্সিটিগুলো তাদের উদ্বৃত্ত তহবিলের আয়কর দিতে চান না বলেও জানানো হয় গোলটেবিলে। অ্যাসোসিয়েশন অফ প্রাইভেট ইউনিভার্সিটি অফ বাংলাদেশ। তবে চিঠি প্রসঙ্গে বিস্তারিত কিছু জানাতে রাজি হয়নি অ্যাসোসিয়েশন।

বিচারপতি লতিফুর রহমান বলেন, প্রাইভেট ইউনিভার্সিটিগুলোতে ফুলটাইম শিক্ষকতা নিশ্চিত করতে হবে। প্রাইভেট ইউনিভার্সিটিগুলোতে দরিদ্র ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে শিক্ষার ব্যবস্থা থাকা উচিত বলেও তিনি মন্তব্য করেন। অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান এমএ কাসেমের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে বক্তব্য রাখেন প্রফেসর আমিরুল ইসলাম চৌধুরী, ড. সাইফুল মজিদ, ড. হাফিজ জিএ সিদ্দিক প্রমুখ। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইস্টার্ন ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর ড. রহিম বি তালুকদার। বক্তারা বলেন, শিক্ষার মান নিশ্চিত না